# সতর্ক করছেন বিএসই প্রধান

এই সময়: শেয়ারবাজারের খুঁটিনাটি নিয়ে জ্ঞান না থাকলে খুচরো বিনিয়োগকারীদের মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করাই শ্রেয় বলেই মনে করেন বম্বে স্টক এক্সচেঞ্জের (বিএসই) ম্যানেজিং ডিরেক্টর এবং চিফ এগজ়িকিউটিভ অফিসার এস রামমূর্তি। বৃহস্পতিবার বণিকসভা ক্যালকাটা চেম্বার অফ কমার্সের সদস্যদের সঙ্গে এক আলাপচারিতায় এ কথা জানান তিনি। বিনিয়োগকারীদের মধ্যে সচেতনতা এবং দায়িত্ববোধ বাড়ানোর প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে রামমূর্তি বলেন, 'বিনিয়োগকারীরা তাঁদের কষ্টার্জিত অর্থ লগ্নির সময় যথেষ্ট সতর্কতা না নিলে শুধুমাত্র নিয়ম এবং নির্দেশিকা বিনিয়োগকারীদের রক্ষা করতে পারে না।'

খুচরো বিনিয়োগকারীদের উদ্দেশে রামমূর্তি বলেন, 'আপনারা যেটা বোঝেন সেখানে কেনাবেচা করুন এবং বুঝেশুনে কেনাবেচা করুন। যদি তা না করেন, তা হলে আপনাকে সমস্যায় পড়তে হবে।' বিনিয়োগকারীদের চোখকান খুলে রাখা এবং তথ্যসমৃদ্ধ হওয়ার আর্জি জানিয়েছেন তিনি। লগ্নি করার আগে ভালো করে খোঁজখবর না নিয়ে বিনিয়োগকারীদের শুধুমাত্র শোনা কথার উপর ভরসা করার প্রবণতার সমালোচনা করে রামমূর্তি বলেন, 'ভালো করে দেখেশুনে আপনারা বাজার থেকে আনাজ কেনেন। অথচ, সারা জীবনের সঞ্চয় বিনিয়োগের সময় শোনা কথার উপর ভরসা করেন। এমনটা হতে পারে না।'

ক্ষুদ্র বিনিয়োগকারীরা ইনডেক্স ফান্ড এবং ব্রডবেসড ফান্ডসে বিনিয়োগ করতে পারেন। এসএমই আইপিও এবং শেয়ার খুচরো বিনিয়োগকারীদের জন্য নয় বলেই তিনি জানিয়েছেন।